

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৭৮.২০১৮. ৭২

তারিখঃ

২৬ ফাল্গুন ১৪৩২।
২৬ ফেব্রুয়ারী ২০২৬।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব উত্তম দেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, মৌলভীবাজারকে, বিগত ০২/০৭/২০১৮ তারিখ হইতে ১১/০৭/২০১৮ তারিখ পর্যন্ত ১০ দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ ও পলায়নের" অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-এইউও বিমা/৪৫/২২-০৯৩, তারিখ: ২৭/১২/২০২২ মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান না করায় এবং ব্যক্তিগত শুনানীর আবেদন না করায় বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক গত ১৪-০৮-২০২৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা উক্ত নোটিশের কোন জবাব প্রদান করেন নি;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগবিবরণী, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২/০৭/২০১৮ থেকে সরকারি চাকরি হতে বরখাস্তকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্মকমিশন একমত পোষণ করে মতামত প্রদান করেন;

সেহেতু, জনাব উত্তম দেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, মৌলভীবাজারকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২/০৭/২০১৮ থেকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" গুরুদণ্ড প্রদান করা হলো। সেই সাথে তার নামে বরাদ্দকৃত মোটরসাইকেল (ঢাকা মেট্রো-ই-৩৪-৬৫৬৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক

টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩২।

২৬ ফেব্রুয়ারী ২০২৬।

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৭৮.২০১৮. ৭২ (৩০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রায়মিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
৫. জনাব শেখ সাইদুর রহমান, অপারেশন ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার (আদেশটি i bas++ এ এন্ট্রি করে বর্ণিত কর্মকর্তার বেতননির্ধারণ ও প্রদত্ত দণ্ড বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, সদর, মৌলভীবাজার (আদেশটি i bas++ এ এন্ট্রি করে বর্ণিত কর্মকর্তার বেতননির্ধারণ ও প্রদত্ত দণ্ড বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. জনাব উত্তম দেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, মৌলভীবাজার। (স্থায়ী ঠিকানা: পিতা-রনদা রঞ্জন দেব রায়, গ্রাম-কাটিয়ারা, ডাকা-উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ)।
১০. নারীসহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক (ত:শ:)
ফোন: ৫৫০৭৪৭৩৫